



অসুস্থতায় হাসপাতালে ভর্তি মির্জা আব্বাস



মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস শারীরিক অসুস্থতার কারণে হাসপাতালে ভর্তি হয়েছেন। মঙ্গলবার গভীর রাতে তাকে ঢাকার এভারকেয়ার হাসপাতাল-এ নেওয়া হয়।

পারিবারিক সূত্র জানায়, ইফতারের সময় পানি পান করার মুহূর্তে তিনি হঠাৎ অচেতন হয়ে পড়েন। পরে অবস্থার অবনতি হলে দ্রুত হাসপাতালে ভর্তি করার সিদ্ধান্ত নেওয়া হয়।

তার স্ত্রী ও জাতীয়তাবাদী মহিলা দলের সভানেত্রী আফরোজা আব্বাস সবার কাছে তার দ্রুত আরোগ্যের জন্য দোয়া প্রার্থনা করেছেন।

এদিকে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আজ শুরু হয়েছে। সেখানে উপস্থিত থাকার কথা থাকলেও অসুস্থতার কারণে যোগ দিতে পারেননি মির্জা আব্বাস।

LENS ASIA